দৈনিক বাংলা

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... ০৫ III ১৯৮৯ ...
পৃষ্ঠা ... কলাম ...

58

# জাতীয়কৃত স্কুলের শিক্ষক-কর্মচারীর চাকরি

সরকারী ঘোষণা অনুযায়ী বিগত ২৯শে সেপ্টেম্বর, ১৯৮৮ ইং তারিখে প্রকাশিত গেজেটের মাধ্যমে সরকার সুনামগঞ্জ জেলার তাহিরপুরে সরকারী উচ্চ বিদ্যালয়টির জাতীয়করণ করেছেন। এবং এ সংক্রান্ত যাবতীয় আনুষ্ঠানিকতা যথাসময়ে সম্পন্ন হয়েছে। কিন্তু বাকী রয়েছে শুধু বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের সরকার কর্তৃক আত্মীকরণের কাজ।

কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হয়ে গেলেও আজ পর্যন্ত এ কাজটি সম্পন্ন করা হচ্ছে না। ফলে দীর্ঘকাল যাবৎ সরকারী কল্যাণ ভাতা ছাড়া অন্য কোন বেতন ভাতাদি না পাওয়ায় আমরা এ বিদ্যালয়ের দরিদ্র শিক্ষক কর্মচারীরা সংসার চালাতে গিয়ে হিমসিম খাচ্ছি। ইতিমধ্যে আমরা অনেকে ঋণ করে করে তাতে আকন্ঠ নিমজ্জিত হয়ে গেছি। এ অবস্থা আরো কিছু দিন চলতে থাকলে আমাদের অনেকেরই পৈত্রিক ভিটে টুকুও বিক্রি করে দিতে হবে।

আমাদের এই অসহনীয় অবস্থার অবসান কামনা করে আমরা বিদ্যালয়ের দরিদ্র শিক্ষক কর্মচারীরা মাননীয় শিক্ষামন্ত্রী ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মাননীয় মহাপরিচালকের কৃপা দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করছি, অচিরেই তাঁরা আমাদের এ করুণ অবস্থার অবসানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

মোঃ শফিকুল হক, শ্রী ধীরেন্দ্র চন্দ্র রায়, সুপ্রভাত রায়, গোপেন্দ্র কুমার দাশ, মোঃ নুরুজ্জামান, মোঃ মইনউদ্দিন এবং অন্যান্য শিক্ষক-কর্মচারীবৃন্দ,
তাহিরপুর, সুনামগঞ্জ।